তারিখ ... 21 FEB 2016 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 2 ...

আমাদের সময়

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়

# চাকরির দাবিতে প্রধান ফটকে ছাত্রলীগের তালা

**কুষ্টিয়া প্রতিনিধি ●**

কুষ্টিয়া ইসলামী বিশ্ববিদ্যালয়ে চাকরির দাবিতে প্রধান ফটকে তালা ঝুলিয়ে দিয়ে প্রশাসনিক ভবনের সামনে বিক্ষোভ করেছে চাকরি প্রত্যাশী ছাত্রলীগ কর্মীরা। গতকাল দুপুর ১টার দিকে এ ঘটনা ঘটে। এ সময় বিশ্ববিদ্যালয়ের পরিবহন চলাচল বন্ধ হয়ে যায়। অপ্রীতিকর পরিস্থিতি এড়াতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে। এ ব্যাপারে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ছাত্র উপদেষ্টা প্রফেসর ড. আনোয়ার হোসেন জানান, চাকরির দাবিতে সাবেক ছাত্ররা বিক্ষোভ করছে। ক্যাম্পাসের পরিস্থিতি স্বাভাবিক রাখতে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে।